পশ্চিমবঙ্গ কলেজ গ্রন্থাগারিক সমিতি
কর্তৃক প্রচারিত

# কলেজ লাইব্রেরী

## বার্ষিক বাঙলা সংস্করণ

পশ্চিমবঙ্গ কলেজ গ্রন্থাগারিক সমিতি
২৪বি বেচু চ্যাটার্জী ষ্ট্রীট, কলিকাতা-৭০০ ০০৯

প্রথম বর্ষ ১৯৯৫

# সূচী পত্র


সম্পাদকীয় (ক)

সভাপতি-র প্রতিবেদন (খ)

প্রসঙ্গ পুস্তক ( কবিতা )
— রবীন্দ্রনাথ কর (ঘ)

উৎসর্গের উৎসবে
— ডঃ শিখা রায় ... ... ... ১

তথ্যবিজ্ঞান ও মানবিক বিদ্যা : বিষম বিষয়ের মিলন
— ভুবনেশ্বর চক্রবর্তী ... ... ... ৫

কলেজ গ্রন্থাগারে CAS-এর প্রবর্তন
— চিত্তরঞ্জন বেরা ... ... ... ৯

গ্রন্থাগার ও সামাজিক শিক্ষা
— প্রহ্লাদ কুমার বাগচী ... ... ১২

শিক্ষাবিজ্ঞানী রবীন্দ্রনাথের দৃষ্টিতে গ্রন্থাগার
— ডঃ প্রজ্ঞারঞ্জন দত্ত ... ... ... ১৫

সুকুমার রায়ের কবিতায় "বই" এর ব্যবহার
— বিশ্বজিৎ দে ... ... ... ১৭

তথ্য প্রবাহ : উন্নতিকামী দুনিয়ার প্রেক্ষাপটে একটি আলোচনা
— প্রতীক মাইতি ও গৌতম মাইতি ... ... ২১

গ্রন্থ সমালোচনা
— রবীন্দ্রনাথ কর ... ... ... ২৫

# সম্পাদকীয়

সমিতির সদস্যদের দীর্ঘদিনের একটি ইচ্ছাকে পূর্ণমর্যাদা দান করে এই বছরের দ্বাদশ সম্মেলন উপলক্ষ্যে সম্পূর্ণ বাংলা ভাষায় **'কলেজ লাইব্রেরী'**-এর বাংলা সংস্করণ প্রকাশিত হল। সম্পাদকীয় দপ্তর (Editorial Board)-এর সুপারিস ক্রমে কার্যকরী সমিতি (Executive Committee) প্রতি বছর সম্মেলনের সময় এই বাংলা সংস্করণ প্রকাশ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

একটি বিষয় অনস্বীকার্য যে, যে কোনো লেখক তিনি অন্যান্য যে ভাষাতেই পারদর্শী হোন না কেন মাতৃভাষায় তিনি যত স্বচ্ছন্দ হবেন অন্য ভাষাতে ততখানি হবেন না। আমাদের সদস্যদের ক্ষেত্রেও এর ব্যতিক্রম হয় না। তাই মাতৃভাষা—বাংলাতে পেশাগত বিষয়ের চর্চা বৃদ্ধি করার জন্য সমিতির এই প্রয়াস সকলের কাছে অধিকতর গ্রহণীয় হবে। এই বাংলা সংস্করণ সাধারণ সদস্য এবং গ্রন্থাগার সম্বন্ধে আগ্রহী ব্যক্তিদের ক্ষেত্রে ভাষা ও মনের ভাব প্রকাশের ব্যবধানকে অতিক্রম করতে পারবে বলেই মনে হয়। গ্রন্থাগার আন্দোলন পশ্চিমবঙ্গে যথেষ্ট শক্তিশালী ও প্রাণবন্ত হলেও এ বিষয়ে জ্ঞান চর্চার ক্ষেত্রে মাতৃভাষার প্রয়োগ প্রচেষ্টা অধুনাতনকালের ব্যাপার। এখনও পর্যন্ত বঙ্গীয় গ্রন্থাগার পরিষদ প্রকাশিত 'গ্রন্থাগার' পত্রিকাটিই বাংলা ভাষায় গ্রন্থাগারবিজ্ঞান চর্চার একমাত্র বাহক। আশাকরি কলেজ 'কলেজ লাইব্রেরী'-এর বাংলা সংস্করণ এই ধারায় শুধুমাত্র একটি নবতর সংযোজন হিসাবে যুক্ত না হয়ে উচ্চশিক্ষার ক্ষেত্রে যুক্ত গ্রন্থাগার সংক্রান্ত বিশেষায়িত রচনার মাধ্যমে উল্লেখযোগ্য স্থান করে নেবে। কলেজ গ্রন্থাগারগুলির পরিচালনগত ও অন্যান্য পেশাগত সমস্যার সমাধানে পথ দেখাবে।

সমিতির সকল স্তরের সদস্যদের সক্রিয় সহযোগিতা এবং মননশীল রচনার দ্বারা সমৃদ্ধ হয়ে এই প্রচেষ্টা সাফল্য লাভ করবে যদি কলেজ গ্রন্থাগার এবং গ্রন্থাগার জগতের সঙ্গে সংশ্লিষ্ট ব্যাপক অংশের চিন্তা ও মননের উন্মেষ ঘটাতে পারে।

পরিশেষে আশাকরি সমিতির সদস্যবৃন্দে কাছ থেকে এই পত্রিকার বিষয়ে তাঁদের সুচিন্তিত অভিমত ও এর উৎকর্ষের বৃদ্ধির বিষয়ে পরামর্শ লাভ করার সুযোগ থেকে সমিতি বঞ্চিত হবে না। সকল প্রকার ইতিবাচক সমালোচনা ও পরামর্শ আমাদের প্রার্থনীয়।

কলেজ লাইব্রেরী প্রথম বর্ষ, ১৯৯৫

মুল্য — ১০.০০ টাকা

বলাইলাল বসু, সাধারণ সম্পাদক, পশ্চিমবঙ্গ কলেজ গ্রন্হাগারিক সমিতি, ২৪বি, বেচু চ্যাটার্জী ষ্ট্রীট, কলিকাতা-৭০০ ০০৯ কর্তৃক প্রচারিত এবং মেসার্স এম. এস. ভট্টাচার্য্য এন্ড কোং ১৯, বিদ্যাসাগর ষ্ট্রীট, কলিকাতা-৭০০ ০০৯ কর্তৃক মুদ্রিত।